"এরাবিয়ান গালফ এসোসিয়েটস কো: লিমিটেড" এর নিবন্ধন সনদ নবায়ন আবেদন না-মঞ্জুর আদেশের বিরুদ্ধে আপীল
আদেশনামা

আপীল নং-০০৪৫/২০২৫ তারিখঃ ১০/১১/২০২৫

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
৩০/১১/২০২৫	জনাব জনাব জামাল উদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক: এরাবিয়ান গালফ এসোসিয়েটস কো: লিমিটেড এর অনুকূলে ০১.০১.২০২০ তারিখ হতে ৩১.১২.২০২২ তারিখ মেয়াদে নিবন্ধন সনদ নং-০০০০৭১৩ ইস্যু করা হয়। উক্ত সনদের মেয়াদ গত ৩১.১২.২০২২ তারিখে উত্তীর্ণ হয়। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর ৫(১) বিধি অনুসারে নিবন্ধ সনদ এর মেয়াদ শেষ হওয়ার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন দাখিল করতে হয়। তিনি যথাসময়ে নবায়ন আবেদন দাখিল করেন। কিন্তু পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক পরিদর্শনের সুবিধার্থে আবেদনকারীকে মোবাইল ফোনে না পাওয়ায় নবায়নের সুপারিশ করা হয়নি। পরবর্তীতে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক পরিদর্শনকারী কর্মকর্তার সুপারিশের প্রেক্ষিতে গত ৭.৫.২০২৪ তারিখে নবায়ন আবেদনটি বাতিল করা হয়। পরবর্তীতে এজেন্সি কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন কর্তৃপক্ষের বাতিল আদেশের বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের আপীল কর্তৃপক্ষ বরাবর গত ০২.১১.২০২৫ তারিখে আপীল দায়ের করেন। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন সনদ নবায়ন আবেদন নামঞ্জুরের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। উক্ত এজেন্সি কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আপীল আবেদন দায়ের করেনি। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল না করায় বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ মোতাবেক আপীল কর্তৃপক্ষ কর্তৃক আবেদনটি বিবেচনা করার সুযোগ নেই। এমতাবস্থায়, বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১০ ধারা এবং বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০২২ এর বিধি ১৮ অনুযায়ী আপীল আবেদনটি নামঞ্জুর করা হ'ল। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক। **স্বাক্ষরিত/-** **৩০.১১.২০২৫** (ফাতেমা রহিম ভীনা) অতিরিক্ত সচিব (পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা
www.mocat.gov.bd

নম্বর-৩০.০০.০০০০.০০০.০২৫.২৭.০০৪৫.২৫-৬৭১ তারিখ: ০৪.১২.২০২৫ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা;
৩) অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা;
৪) যুগ্মসচিব (পর্যটন-২) ও নিবন্ধন কর্তৃপক্ষ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা;
৫) জেলা প্রশাসক, ঢাকা;
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
৭) প্রোগ্রামার, এ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮) অতিরিক্ত সচিব (পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
৯) প্রশাসক, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ (আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০;
১০) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা;
১১) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ----------
১২) জনাব জামাল উদ্দিন আহমেদ, স্বত্বাধিকারী, এরাবিয়ান গালফ এসোসিয়েটস কো: লিমিটেড, ম-১১২, মেরুল বাড্ডা, থানা-বাড্ডা, ঢাকা-১২১২; এবং
১৩) অফিস কপি।

০৪.১২.২৫
(মির্জা মুরাদ হাসান বেগ)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd